Set Code-1

বেলাল আহমেদ রাজু কনফিডেন্স

কর্পোরেট অফিস : 01973101504/07

**Facebook Group:** BCS CONFIDENCE. Email: bcsconfidence@hotmail.com

# ৫১তম কোর্সের অ্যাসাইনমেন্ট টেস্ট-০৩ (ইংরেজি) এর ব্যাখ্যাসহ প্রশ্ন সমাধান

1. **He was so absorbed ____ his studies that he didn't hear the knock.** **Answer :** in

**Explanations :** (**Absorbed in / Interested in**) কোনো কিছুতে "নিমগ্ন" বা "আগ্রহী" বোঝাতে সবসময় 'in' বসে।

2. **The student was absent ____ the seminar without any prior notice.** **Answer:** from

**Explanations :** (Absent from) কোনো জায়গা থেকে অনুপস্থিত থাকা বোঝাতে 'from' বসে।

3. **You should write the cheque _____ blue ink.**
**Answer:** in

**Explanations :** (In ink) কালি বা পেন্সিল দিয়ে লেখার মাধ্যম বোঝাতে 'in' বসে। (কিন্তু কলম দিয়ে বোঝালে 'with a pen' হয়)।

4. **The item was taken ______ a security guard.**
**Answer:** by

**Explanations :** Passive Voice এ 'কার দ্বারা করা হয়েছে' বোঝাতে 'by' বসে।

5. **She spent all her money ______ clothes.**
**Answer:** on

**Explanations :** (Spend on) কোনো কিছুর পেছনে টাকা খরচ করা বোঝালে 'on' বসে।

6. **He felt deep repentance _____ his rude behavior.**
**Answer:** for

**Explanations :** (Repentance for) কোনো ভুলের জন্য অনুশোচনা বোঝাতে 'for' বসে।

7. **You The building is opposite ______ the park.**
**Answer:** to

**Explanations :** (Opposite to) কোনো কিছুর বিপরীতে বা উল্টো দিকে বোঝাতে 'to' বসে।

8. **He felt ashamed ____ his rude behavior at the party.**
**Answer: of**

**Explanations :** (Ashamed of) কোনো কিছুর জন্য লজ্জিত হওয়া বোঝাতে 'of' বসে।

9. **The police are looking ______ the disappearance.**
**Answer:** into

**Explanations :** (Look into) এটি একটি Group verb, যার অর্থ কোনো বিষয় তদন্ত করা।

10. **Don't be jealous _______ other people's achievements.**
**Answer:** of

**Explanations :** (Jealous of) কারো প্রতি ঈর্ষান্বিত হওয়া বোঝাতে 'of' বসে।

11. **He is interested _______ learning new languages.**
**Answer:** in

**Explanations :** (Interested in) কোনো বিষয়ে আগ্রহী হওয়া বোঝাতে 'in' বসে।

12. **She is anxious ___ a chance to visit her hometown.**
**Answer:** for

**Explanations :** (Anxious for) কোনো কিছুর জন্য উৎসুক বা ব্যাকুল হয়ে অপেক্ষা করা বোঝাতে 'for' বসে।

13. **One can benefit __ regular exercise and a balanced diet.**
**Answer:** by

**Explanations :** (Benefit by) কোনো কাজের মাধ্যমে উপকৃত হওয়া বোঝাতে 'by' বসে।

14. **She is very good ______ playing the guitar.**
**Answer:** at

**Explanations :** (Good at) কোনো কাজে দক্ষ হওয়া বোঝাতে 'at' বসে।

15. **The book is full _____ interesting stories.**
**Answer:** of

**Explanations :** (Full of) কোনো কিছু দিয়ে পূর্ণ থাকা বোঝাতে 'of' বসে।

16. **The judge was biased ____ the defendant due to lack of evidence.** **Answer:** against

**Explanations :** (Biased against) কারো প্রতি পক্ষপাতদুষ্ট বা বিরূপ হওয়া বোঝাতে 'against' বসে।

17. **The little girl burst ____ tears when she lost her doll.**
**Answer:** into

**Explanations :** (Burst into) হঠাৎ কান্নায় বা হাসিতে ভেঙে পড়া বোঝাতে 'into' বসে।

18. **Customers often complain __ the poor quality of service.**
**Answer:** about

**Explanations :** (Complain about) কোনো কিছু সম্পর্কে অভিযোগ করা বোঝাতে 'about' বসে।

19. **Water is composed ____ hydrogen and oxygen.**
**Answer:** of

**Explanations :** (Composed of) কোনো কিছু দিয়ে গঠিত হওয়া বোঝাতে 'of' বসে।

20. **I must congratulate you ____ your brilliant success.**
**Answer:** on

**Explanations :** (Congratulate on) কারো সাফল্যে অভিনন্দন জানাতে সবসময় 'on' বসে।

21. **It is difficult to live ______ such a small salary.**
**Answer:** on

**Explanations :** (Live on) স্বল্প আয় বা কোনো নির্দিষ্ট খাবারের ওপর নির্ভর করে বেঁচে থাকা বোঝাতে 'on' বসে।

22. **He is married ____ Sarah.** **Answer:** to

**Explanations :** (Married to) ইংরেজিতে কারো সাথে বিবাহিত বোঝাতে 'to' বসে, 'with' নয়।

23. **This book consists ____ twelve interesting chapters.**
**Answer:** of

**Explanations :** (Consists of) কোনো কিছু নিয়ে গঠিত হওয়া বোঝাতে 'of' বসে।

24. **We must conform ____ the rules of the organization.**
**Answer:** to

**Explanations :** (Conform to) নিয়ম বা আইন মেনে চলা বোঝাতে 'to' বসে।

25. **The mountain peaks were covered ____ snow.**
**Answer:** with / in

**Explanations :** (Covered with/in) কোনো কিছু দিয়ে ঢাকা থাকা বোঝাতে 'with' বা 'in' বসে।

26. **The new teacher is popular _____ the students.**
**Answer:** with

**Explanations :** (Popular with) কারো কাছে জনপ্রিয় হওয়া বোঝাতে 'with' বসে।

27. **The old man died ____ cancer after a long struggle.**
**Answer:** of

**Explanations :** (Died of) রোগে মারা গেলে 'of' বসে (Died of cancer)।

28. **Many soldiers died ____ the war for their country.**
**Answer:** in

**Explanations :** (Died in) যুদ্ধ বা দুর্ঘটনায় মারা গেলে 'in' বসে।

29. **He was deprived ____ his basic rights during the regime.**
**Answer:** of

**Explanations :** (Deprived of) অধিকার থেকে বঞ্চিত হওয়া বোঝাতে 'of' বসে।

30. **My opinion is quite different ____ yours.** **Answer:** from

**Explanations :** (Different from) কারো থেকে আলাদা বা ভিন্ন বোঝাতে 'from' বসে।

31. **He is proud __ his daughter's achievement.** **Answer:** of

**Explanations :** (Proud of) গর্বিত হওয়া বোঝাতে 'of' বসে।

32. **The guests were dressed ____ elegant evening wear.**
**Answer:** in

**Explanations :** (Dressed in) নির্দিষ্ট পোশাকে সজ্জিত থাকা বোঝাতে 'in' বসে।

33. **There is no exception ____ this general rule of physics.**
**Answer:** to

**Explanations :** (Exception to) কোনো নিয়মের ব্যতিক্রম বোঝাতে 'to' বসে।

34. **Health is preferable ____ wealth.** **Answer:** to

**Explanations :** (Preferable to) তুলনামূলকভাবে অধিক পছন্দনীয় বোঝাতে 'to' বসে (than নয়)।

35. **The glass was full ____ fresh orange juice.** **Answer:** of

**Explanations :** কোনো কিছু পূর্ণ বা ভর্তি বোঝাতে 'Full' শব্দটির সাথে নির্দিষ্ট Preposition হিসেবে সবসময় 'of' বসে।

36. **We must guard ____ bad habits from an early age.**
**Answer:** against

**Explanations :** (Guard against) কোনো বিপদ বা খারাপ অভ্যাস থেকে নিজেকে রক্ষা করা বোঝাতে 'against' বসে।

37. **He was found guilty ____ committing the crime.**
**Answer:** of

**Explanations :** (Guilty of) কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়া বোঝাতে 'of' বসে।

38. **Most people are indifferent ____ the suffering of others.**
**Answer:** to

**Explanations :** (Indifferent to) কারো দুঃখ বা কোনো বিষয়ে উদাসীন থাকা বোঝাতে 'to' বসে।

39. **This version is superior ____ the previous one in every aspect.** **Answer:** to

**Explanations :** (Superior to) তুলনামূলক শ্রেষ্ঠতর বোঝাতে 'to' বসে।

40. **He trembled _____ fear when he saw the snake.**
**Answer:** with

**Explanations :** (Trembled with) ভয়ে বা শীতে কাঁপা বোঝাতে 'with' বসে।

41. **The cattle ______ grazing in the open field. (is/are)**
**Answer:** are

**Explanations :** Cattle একটি Collective noun, যা সবসময় বহুবচন (Plural) হিসেবে গণ্য হয়।

42. **I caught three ______ in the river today. (fish/fishes)**
**Answer:** fish

**Explanations :** একই প্রজাতির মাছ বোঝালে এর বহুবচনও 'fish' থাকে।

43. **We bought some new ___ for our living room. (furniture/ furnitures)**
**Answer:** furniture

**Explanations :** Furniture একটি Uncountable noun, এর সাথে কখনো 's' যুক্ত হয় না।

44. **We had a lot of ______ for our supper. (fish/fishes)**
**Answer:** fish

**Explanations :** খাবার হিসেবে মাছ বোঝালে তা Uncountable হিসেবে 'fish' থাকে।

45. **He has extensive ______ in the field of astrophysics. (knowledges/knowledge)** **Answer:** knowledge

**Explanations :** Knowledge একটি Uncountable Noun (অগণনযোগ্য বিশেষ্য), তাই এর সাথে 's' যোগ করে বহুবচন করা যায় না।

46. **All the ______ in the factory were imported from Germany. (machinery/machineries)** **Answer:** machinery

**Explanations :** Machinery হলো একটি 'Uncountable Noun' যা কোনো একক যন্ত্র নয়, বরং কারখানার সকল যন্ত্রপাতির সমষ্টিকে একত্রে বোঝায়; তাই এর বহুবচন (Machineries) হয় না।

47. **I have a fifty-dollar ______ in my wallet. (money/note)**
**Answer:** note

**Explanations :** সম্পদ হিসেবে Money গোনা যায় না (Uncountable), কিন্তু সেই সম্পদের একক হিসেবে Note/Coin গোনা যায় (Countable)।

48. **The news ___ spreading faster than we expected. (is/are)**
**Answer:** is

**Explanations :** News শব্দটি দেখতে Plural হলেও এটি আসলে Singular।

49. **Several ______ were spotted near the mountain stream. (sheep/sheeps)** **Answer:** sheep

**Explanations :** ভেড়া বা Sheep এর একবচন ও বহুবচন একই থাকে।

50. **The people of this country ____ very hospitable. (is/are)**
**Answer:** are

**Explanations :** People শব্দটি নিজেই একটি Collective Noun যা একদল মানুষকে বা কোনো দেশের জনগণকে একত্রে বোঝায়। ইংরেজি গ্রামারে এটি সবসময় Plural বা বহুবচন হিসেবে গণ্য হয়। তাই এর পরে verb হিসেবে 'is' না বসে 'are' (বা have/were) বসে।

51. **His wages ______ paid on the first day of every month. (is/are)** **Answer:** are

**Explanations :** Wages (মজুরি) শব্দটি ব্যাকরণগতভাবে Plural (বহুবচন) হিসেবে গণ্য হয়। সাধারণত দৈনন্দিন বা সাপ্তাহিক শ্রমের বিনিময়ে যে টাকা দেওয়া হয়, তাকে 'Wages' বলা হয় এবং এর পরে সবসময় Plural Verb (are/were/have) বসে।

52. **Five _____ people attended the international conference. (hundred/hundreds)** **Answer:** hundred

**Explanations :** Hundred, Thousand, Million, Billion, Dozen—এই শব্দগুলোর আগে যখন কোনো নির্দিষ্ট সংখ্যা (যেমন: One, Two, Five, Several) থাকে, তখন এদের সাথে কখনো 's' যোগ করা যায় না।

53. **______ of students protested against the new policy. (Thousand/Thousands)** **Answer:** Thousands

**Explanations :** (Thousands of) যখন অনির্দিষ্ট সংখ্যা বোঝায় তখন 's' বসে।

54. **My scissors ______ not sharp enough to cut this fabric. (is/are)** **Answer:** are

**Explanations :** যেসব পোশাক বা যন্ত্রের দুটি অবিচ্ছেদ্য অংশ থাকে (যেমন: কাঁচির দুটি ফলক), তারা সবসময় Plural হিসেবে গণ্য হয়। এদের শেষে সবসময় 's' থাকে এবং এদের পরে সবসময় Plural Verb (are/ were/ have) বসে।

55. **Billiards ____ a very popular game in this club. (is/are)**
**Answer:** is

**Explanations :** Billiards দেখতে বহুবচন (Plural) মনে হলেও এটি আসলে একটি নির্দিষ্ট খেলার নাম, তাই এটি Singular বা একবচন হিসেবে গণ্য হয়।

56. **The CEO, as well as his secretaries, ______ attending the meeting. (is/are)** **Answer:** is

**Explanations :** যখন দুটি সাবজেক্ট as well as, with, together with, along with বা accompanied by দিয়ে যুক্ত থাকে, তখন ভার্বটি সবসময় প্রথম সাবজেক্ট অনুযায়ী বসে।

57. **Upstairs ______ being renovated at the moment. (is/are)**
**Answer:** is

**Explanations :** স্থানবাচক শব্দ সাবজেক্ট হলে তার পরে সবসময় Singular Verb (is/was) বসে।

58. **The captain, along with his teammates, ______ practicing hard. (is/are)** **Answer:** is

**Explanations :** প্রথম সাবজেক্ট Singular হলে verb ও Singular হয়।

59. **Neither the manager nor the employees ______ present yesterday. (was/were)** **Answer:** were

**Explanations :** যখন কোনো বাক্য Neither...nor বা Either...or দিয়ে যুক্ত হয়, তখন ভার্বটি তার সবচেয়ে কাছের সাবজেক্ট (Closest Subject) অনুযায়ী ।

60. **Bread and butter ______ my favorite breakfast. (is/are)**
**Answer:** is

**Explanations :** সাধারণত 'and' দিয়ে দুটি শব্দ যুক্ত হলে verb plural হয়, কিন্তু Bread and butter যখন একটি নির্দিষ্ট খাবার (Meal) বা জীবিকা (Livelihood) হিসেবে একটি একক ধারণা প্রকাশ করে, তখন সেটি Singular হিসেবে গণ্য হয়।

61. **Everybody ______ the right to express their opinion. (has/have)** **Answer:** has

**Explanations :** ইংরেজি গ্রামারে Everybody, Everyone, Someone, Somebody, Nobody, Anyone, Each—এই শব্দগুলোকে বলা হয় Indefinite Pronouns। এগুলো দেখতে অনেক মানুষকে বোঝালেও ব্যাকরণগতভাবে এরা প্রত্যেকেই Singular (একবচন)। তাই এদের পরে সবসময় Singular Verb (has/is/was/verb+s) বসে।

62. **One of the students __ missed the final exam. (has/have)**
**Answer:** has

**Explanations :** One of-এর পরে Noun-টি সবসময় Plural (students) হলেও, মূল Subject কিন্তু ওই 'One' (একজন)। যেহেতু অনেকজন ছাত্রের মধ্যে মাত্র 'একজনে'র কথা বলা হচ্ছে, তাই verbটি সবসময় Singular (has/is/was) হয়।

63. **There is a secret agreement between you and __. (I/me)**
**Answer:** me

**Explanations :** নিয়ম অনুযায়ী, Preposition (যেমন: between, for, with, to) এর পরে যদি কোনো Pronoun বসে, তবে সেটির সবসময় Objective Form বসে। 'I' হলো Subjective form, আর 'me' হলো Objective form। যেহেতু 'between' একটি preposition, তাই এর পরে 'I' না বসে 'me' বসবে।

64. **You, he, and I ___ going to the cinema tonight. (am/are)**
**Answer:** are

**Explanations :** যখন একাধিক Person (যেমন: You, He, I) একসাথে 'and' দিয়ে যুক্ত হয়ে বাক্যের Subject গঠন করে, তখন তারা সবাই মিলে একটি Plural বা বহুবচন ইউনিট তৈরি করে। তাই এর পরে সবসময় Plural Verb (are/were/have)

65. **I have ______ friends in this city, so I feel quite lonely. (few/a few)** **Answer:** few

**Explanations :** Few (নেতিবাচক অর্থ) এর অর্থ হলো "নেই বললেই চলে" বা "এতই কম যে তাতে কাজ চলে না"।

66. **There is ______ water in the glass; I need more to quench my thirst.** (little/a little) **Answer:** little

**Explanations :** Little শব্দটিও নেতিবাচক অর্থ প্রকাশ করে। Little ব্যবহার করা হয় যা গণনা করা যায় না (যেমন: Water, Milk, Money)। এখানে Little মানে হলো পানি এতই কম যে তা দিয়ে তৃষ্ণা মেটানো সম্ভব নয়।

67. **The aircraft ____ flying at a very high altitude. (is/are)**
**Answer:** is

**Explanations :** Aircraft শব্দটি এমন একটি Noun যার একবচন ও বহুবচন রূপ একই থাকে, আর এখানে 'The aircraft' বলতে একটি নির্দিষ্ট বিমানকে বোঝানো হয়েছে বলে Singular Verb হিসেবে 'is' বসেছে।

68. **The army will buy twenty _____ from England. (aircrafts/ aircraft)** **Answer:** aircraft

**Explanations :** নিয়ম অনুযায়ী Aircraft শব্দটি একবচন (Singular) এবং বহুবচন (Plural) উভয় ক্ষেত্রেই একই থাকে; অর্থাৎ এর সাথে কখনোই 's' বা 'es' যুক্ত করা যায় না।

69. **Riches ____ wings and can disappear quickly. (has/have)**
**Answer:** have

**Explanations :** Riches (সম্পদ) শব্দটি সবসময় Plural হিসেবে গণ্য হয়। যদিও এর অর্থ 'সম্পদ', কিন্তু ব্যাকরণগতভাবে এটি 'Rich' শব্দের বহুবচন নয়, বরং এটি একটি Plural Noun যার কোনো সিঙ্গুলার রূপ নেই। যেহেতু সাবজেক্ট Plural, তাই verb হিসেবে has না বসে have বসেছে।

70. **The man behaved in a ____ manner. (coward/cowardly)**
**Answer:** cowardly

**Explanations :** সাধারণত কোনো শব্দের শেষে -ly থাকলে আমরা তাকে Adverb মনে করি, কিন্তু Cowardly, Friendly, Motherly, Lovely—এই শব্দগুলো আসলে Adjective। এখানে manner (আচরণ) একটি Noun, আর এই Noun-টি কেমন তা বোঝানোর জন্য তার আগে Adjective হিসেবে cowardly বসেছে।

71. **He lives a ______ life despite having a lot of wealth. (miser/miserly)** **Answer:** miserly

**Explanations :** Miserly শব্দটি দেখতে Adverb-এর মতো মনে হলেও এটি আসলে একটি Adjective। এখানে life (জীবন) একটি Noun, আর জীবনটি কেমন বা কী প্রকৃতির তা বর্ণনা করার জন্য তার আগে Adjective হিসেবে miserly (কৃপণোচিত) বসেছে।

72. **I have no ______ information about the incident. (other/others)** **Answer:** other

**Explanations :** এখানে Information একটি Noun, আর এই Noun-টি সম্পর্কে অতিরিক্ত তথ্য দেওয়ার জন্য বা এটিকে বর্ণনা করার জন্য তার আগে Adjective হিসেবে other বসেছে। 'Other' শব্দটি এখানে "অন্যান্য" বা "অতিরিক্ত" অর্থ প্রকাশ করছে।

73. **The striker's ______ was blocked by the goalkeeper. (shoot/shot)** **Answer:** shot

**Explanations :** এখানে striker's (স্ট্রাইকারের) শব্দটি একটি possessive form, যার পরে একটি Noun বসানো প্রয়োজন। 'Shoot' হলো একটি Verb (ক্রিয়া), কিন্তু গোল করার উদ্দেশ্যে বল মারা বা আঘাত করার বিষয়টিকে নাম হিসেবে প্রকাশ করতে 'Shot' (Noun) ব্যবহার করা হয়।

74. **The cat licked ___ paws after finishing the milk. (it's/its)**
**Answer:** its

**Explanations :** এখানে বিড়ালটির নিজের পায়ের থাবা (paws) চাটাবোঝাচ্ছে, অর্থাৎ থাবার ওপর বিড়ালটির মালিকানা (Possession) প্রকাশ পাচ্ছে। নিয়ম অনুযায়ী, কোনো কিছুর মালিকানা বোঝাতে its বসে। অন্যদিকে It's (apostrophe সহ) হলো It is বা It has-এর সংক্ষিপ্ত রূপ।

75. **The intense ______ of the sun made it difficult to walk. (hot/heat)** **Answer:** heat

**Explanations :** খানে Intense (তীব্র) শব্দটি একটি Adjective, যা কোনো কিছুর দোষ বা গুণ বর্ণনা করে। Adjective-এর পরে সবসময় একটি Noun বসে। 'Hot' হলো Adjective (যেমন: Hot sun), কিন্তু সূর্যের উত্তাপ বা তাপকে নাম হিসেবে প্রকাশ করতে 'Heat' (Noun) ব্যবহার করা হয়।

76. **This antique vase is ______ a fortune. (worth/worthy)**
**Answer:** worth

**Explanations :** এখানে worth শব্দটি কোনো জিনিসের আর্থিক মূল্য বা গুরুত্ব বোঝাতে ব্যবহৃত হয়েছে। "Worth a fortune" একটি প্রচলিত ইংরেজি phrase, যার অর্থ হলো কোনো কিছুর দাম অনেক বেশি বা এটি অমূল্য।

77. **She is finally ______ to walk without any support. (able/enable)** **Answer:** able

**Explanations :** এখানে able শব্দটি একটি Adjective, যা কোনো ব্যক্তির শারীরিক বা মানসিক সক্ষমতা (Ability) প্রকাশ করে। বাক্যের গঠন অনুযায়ী, Subject + be verb (am/is/are) + able + to + verb—এই ফরমেটে কোনো কাজ করতে পারার ক্ষমতা বোঝানো হয়।

78. **The teacher explained the topic very ______. (good/well)**
**Answer:** well

**Explanations :** নিয়ম অনুযায়ী, কোনো কাজ কীভাবে সম্পন্ন হয়েছে তা বর্ণনা করতে Adverb ব্যবহার করা হয়। এখানে Explained (ব্যাখ্যা করেছেন) হলো একটি Verb। শিক্ষক কীভাবে ব্যাখ্যা করেছেন? উত্তর হলো—ভালোভাবে। তাই Verb-কে মডিফাই করার জন্য এখানে Adverb হিসেবে well বসেছে।

79. **This perfume ___ very refreshing. (smells/smells loudly)**
**Answer:** smells

**Explanations :** Smell, Taste, Feel, Look, Sound—এই verb গুলোকে বলা হয় Linking Verbs। Linking Verb-এর পর সবসময় Adjective (যেমন: refreshing, good, nice) বসে, কোনো Adverb (যেমন: loudly) বসে না।

80. **We met him at the station, and ___ we went to the hotel. (after/afterwards)** **Answer:** afterwards

**Explanations :** After শব্দটির পরে সাধারণত একটি নির্দিষ্ট ঘটনা বা সময়ের (যেমন: After the meeting) উল্লেখ থাকতে হয়, কিন্তু যখন আমরা কোনো ঘটনার উল্লেখ না করে স্বাধীনভাবে "তারপর" বা "পরবর্তীতে" বোঝাতে চাই, তখন Adverb হিসেবে afterwards ব্যবহার করতে হয়।

81. **The dog got ___from the leash and ran away. (lose/loose)**
**Answer:** loose

**Explanations :** Lose একটি Verb যা কোনো কিছু হারিয়ে ফেলা বা পরাজিত হওয়া বোঝায়, অন্যদিকে Loose হলো একটি Adjective যার অর্থ হলো আলগা, ঢিলা বা বাঁধনমুক্ত (unbound) হয়ে যাওয়া। যেহেতু এখানে কুকুরটি তার Leash (বাঁধন) থেকে মুক্ত হয়ে যাওয়ার কথা বলা হয়েছে, তাই এখানে loose শব্দটি ব্যবহার করা হয়েছে।

82. **In the ______, people used to travel by horse carriages. (past/passed)** **Answer:** past

**Explanations :** Passed হলো Pass (অতিক্রান্ত হওয়া) Verb-টির Past Tense বা Past Participle রূপ, অন্যদিকে Past শব্দটি এখানে একটি Noun হিসেবে "অতীত সময়" বোঝাতে ব্যবহৃত হয়েছে। যেহেতু বাক্যে In the (Preposition + Article) আছে, তাই এর পরে একটি Noun হিসেবে past বসবে।

83. **The shops are still ______ during the festival. (open/opened)** **Answer:** open

**Explanations :** Opened হলো একটি Verb-এর Past Participle রূপ যা কোনো কিছু খোলার "কাজ" শেষ হওয়া বোঝায়, অন্যদিকে Open এখানে একটি Adjective যা কোনো কিছুর "অবস্থা" (যেমন: দোকানটি খোলা আছে) প্রকাশ করছে। যেহেতু বাক্যে Are (Linking Verb) এর পর দোকানের বর্তমান অবস্থা বোঝানো হচ্ছে, তাই এখানে open হবে।

84. **It is a ______ statement that honesty is the best policy. (truth/true)** **Answer:** true

**Explanations :** Truth একটি Noun (সত্য) যা কোনো ধারণার নাম বোঝায়, অন্যদিকে True হলো একটি Adjective (সত্যিকারের) যা কোনো কিছুর বর্ণনা দেয়। যেহেতু এখানে Statement একটি Noun, তাই তার আগে সেটির বৈশিষ্ট্য বোঝাতে Adjective হিসেবে true বসবে।

85. **There is ______ food for everyone at the party. (plenty of/plentiful)** **Answer:** plenty of

**Explanations :** Plentiful হলো একটি Adjective যা সাধারণত বাক্যের শেষে বা সরাসরি কোনো Noun-এর আগে বসে সেটির আধিক্য বোঝায়, অন্যদিকে Plenty of একটি Quantifier বা ফ্রেজ যা "প্রচুর পরিমাণে" অর্থে ব্যবহৃত হয়। যেহেতু এখানে খাবারের পরিমাণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে এবং এর পরে একটি Noun (food) রয়েছে, তাই এখানে plenty of বসবে।

86. **I am looking forward to _____ you soon. (meet/meeting)**
**Answer:** meeting

**Explanations :** Looking forward to হলো একটি Phrasal Verb, যেখানে 'to' শব্দটি একটি Preposition হিসেবে কাজ করে। নিয়ম অনুযায়ী, Preposition-এর পরে কোনো Verb বসলে তার সাথে Gerund বা -ing যুক্ত করতে হয়।

87. **He is used to ______ late at night. (work/working)**
**Answer:** working

**Explanations :** যখন Used to-এর আগে একটি Be Verb (am/is/are/was/were) বা Get থাকে, তখন এটি কোনো কাজে "অভ্যস্ত হওয়া" (Accustomed to) বোঝায়। এই স্ট্রাকচারে 'to' একটি Preposition হিসেবে কাজ করে, তাই এর পরের Verb-টির সাথে Gerund বা -ing যুক্ত হয়।

88. **Hard work is the key to ______. (succeed/success)**
**Answer:** success

**Explanations :** Succeed হলো একটি Verb (সফল হওয়া) এবং Successful হলো একটি Adjective (সফল), কিন্তু এখানে Key to (কিছুর চাবিকাঠি) ফ্রেজটির পরে একটি Noun বা বিশেষ্য প্রয়োজন। যেহেতু "সাফল্য" একটি ধারণার নাম, তাই এখানে Noun হিসেবে success হবে।

89. **Lack of funds is a major hindrance to _____ the project. (complete/completing)** **Answer:** completing

**Explanations :** Hindrance to হলো একটি Appropriate Prepositional Phrase, যেখানে 'to' শব্দটি একটি Preposition হিসেবে কাজ করে। নিয়ম অনুযায়ী, কোনো Preposition-এর পরে যদি সরাসরি কোনো Verb বসে, তবে সেটির সাথে Gerund বা -ing যুক্ত হয়।

90. **You must ______ your homework regularly. (do/doing)**
**Answer:** do

**Explanations :** Must, Can, Could, May, Might, Shall, Should, Will, Would—এই Modal Verbs-গুলোর পরে সবসময় Verb-এর Base Form (মূল রূপ) বসে। যেহেতু Must একটি Modal Verb, তাই এর পরে 'doing' না বসে do বসবে।

91. **She is very eager ______ the news. (to hear/hearing)**
**Answer:** to hear

**Explanations :** Eager, Willing, Happy, Ready—এই ধরনের Adjectives-এর পরে যখন কোনো উদ্দেশ্য বা কারণ বোঝানো হয়, তখন Infinitive বা To + Verb (Base Form) বসে। যেহেতু এখানে খবরটি শোনার জন্য তার আগ্রহ বা উদ্দেশ্য প্রকাশ করা হয়েছে, তাই এখানে to hear ব্যবহার করা হবে।

92. **You should avoid ______ junk food for better health. (to eat/eating)** **Answer:** eating

**Explanations :** Avoid হলো এমন একটি Verb যার পরে সরাসরি কোনো কাজ বোঝালে সেটি সবসময় Gerund বা Verb+ing ফর্মে বসে। নিয়ম অনুযায়ী, কিছু নির্দিষ্ট ভার্বের পর ইনফিনিটিভ (to + verb) না বসে সরাসরি -ing যুক্ত করা হয়।

93. **I have ______ in this city for ten years. (lived/am living)**
**Answer:** lived

**Explanations :** যখন কোনো কাজ অতীতে শুরু হয়ে বর্তমান পর্যন্ত চলছে এবং বাক্যে সময়ের ব্যাপ্তি (যেমন: for ten years) উল্লেখ থাকে, তখন Present Perfect Tense (have/has + Past Participle) ব্যবহার করা হয়। এখানে lived শব্দটি Have-এর সাথে বসে সেই দীর্ঘস্থায়ী অবস্থানের বর্ণনা দিচ্ছে।

94. **It is the first time I ______ this movie. (saw/have seen)**
**Answer:** have seen

**Explanations :** "This is the first time" অথবা "It is the first time"—এই ধরনের গঠন দিয়ে যখন কোনো নতুন অভিজ্ঞতার কথা বলা হয়, তখন পরবর্তী ক্লজটি অবশ্যই Present Perfect Tense (have/has + Past Participle) ফর্মে হতে হয়। যেহেতু এটি একটি বর্তমান অভিজ্ঞতার ফলাফল বোঝাচ্ছে, তাই এখানে have seen ব্যবহার করা হবে।

95. **The patient ___ before the doctor came. (died/had died)**
**Answer:** had died

**Explanations :** Past Tense-এ দুটি কাজ সম্পন্ন হলে যে কাজটি অপেক্ষাকৃত আগে ঘটে, সেটি Past Perfect Tense (had + Past Participle) হয় এবং যে কাজটি পরে ঘটে, সেটি Past Indefinite Tense হয়। যেহেতু ডাক্তার আসার আগেই রোগী মারা গিয়েছিল, তাই প্রথম অংশটি had died হবে।

96. **If it rains, the ground ______ wet. (gets/will get)**
**Answer:** gets

**Explanations :** যখন কোনো কাজ করলে তার রেজাল্ট সবসময় একই আসে, তখন দুপাশেই বর্তমান কাল বা Present Simple ব্যবহার করবেন। আর "The ground" যেহেতু একজন (Singular), তাই "get" এর সাথে 's' যুক্ত হয়ে "gets" হয়েছে।

97. **If I were a bird, I ______ fly in the sky. (will/would)**
**Answer:** would

**Explanations :** বৈজ্ঞানিক সত্য বা সাধারণ নিয়মের ক্ষেত্রে আমরা Zero Conditional ব্যবহার করি। এর গঠনটি মূলত এমন: If + Present Simple, \dots Present Simple.

98. **If he had studied hard, he ______ passed the exam. (would have/will have)** **Answer:** would have

**Explanations :** এটি একটি Third Conditional বাক্য। নিয়ম অনুযায়ী, যদি If-clause-টি Past Perfect Tense (had + V3) ফর্মে থাকে, তবে ফলাফল বা পরবর্তী Cluse টিতে would have / could have / might have + Past Participle (V3) ব্যবহৃত হয়।

99. **When I was a child, I ___ play football every afternoon. (used to/am used to)** **Answer:** used to

**Explanations :** অতীতে কোনো কাজ নিয়মিত করা হতো কিন্তু বর্তমানে আর করা হয় না—এমন অভ্যাস (Past Habit) বোঝাতে ইংরেজি গ্রামারে Used to + Base Verb স্ট্রাকচারটি ব্যবহৃত হয়। যেহেতু শৈশবে নিয়মিত ফুটবল খেলার কথা বলা হয়েছে, তাই এখানে used to ব্যবহার করা বসবে।

100. **I, you, and he ____ responsible for this mistake. (am/are)**
**Answer:** are

**Explanations :** যখন বাক্যে Multiple Persons (যেমন: আমি, তুমি এবং সে) একসাথে থাকে, তখন তারা মিলে একটি Plural Subject হয়ে যায়, আর তাই Verb হিসেবে সবসময় "Are" বসে। সাজানোর ক্ষেত্রে সাধারণ বা ভালো কথায় নিজেকে শেষে রাখা হয়, যাকে বলা হয় 2-3-1 Rule (2=Second Person/You, 3=Third Person/He, 1=First Person/I); যেমন: "You, he, and I are going." কিন্তু কোনো দোষ বা ভুলের দায়িত্ব নেওয়ার সময় Modesty বা বিনয়বশত নিজেকে আগে রাখতে হয়, যাকে বলা হয় 1-2-3 Rule (1=I, 2=You, 3=He); যেমন: "I, you, and he are responsible for this mistake." মানুষ একের বেশি হলেই Singular Verb ('am' বা 'is') এর চিন্তা বাদ দিয়ে সবসময় Plural Verb ('Are') ব্যবহার করতে হয়।